



স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১১৭.৩৭.০২৯.১২-৭৯১

তারিখ : ০৪-০১-২০২১ খ্রিস্টাব্দ

বিষয় : ২০২০ সালের এস.এস.সি পরীক্ষায় বৃত্তিপ্রাপ্ত নিয়মিত অধ্যয়নরত শিক্ষার্থীদের (মাদ্রাসা ও কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থী ব্যতীত) তথ্য MIS Software -এ এন্ট্রি সংক্রান্ত

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, অর্থ মন্ত্রণালয়ের সিদ্ধান্ত মোতাবেক ২০১৯-২০ অর্থবছর হতে রাজস্ব খাতভুক্ত সকল ধরনের বৃত্তির অর্থ G2P পদ্ধতিতে EFT এর মাধ্যমে শিক্ষার্থীদের ব্যাংক হিসাবে (Bank Account) প্রেরণের নির্দেশনা রয়েছে। ইতোমধ্যে ২০২০ সালের এস.এস.সি পরীক্ষার ফলাফলের ভিত্তিতে বোর্ডসমূহ হতে বৃত্তির গেজেট প্রকাশ করা হয়েছে।

এমতাবস্থায়, ২০২০ সালের এস.এস.সি পরীক্ষায় বৃত্তিপ্রাপ্ত নিয়মিত অধ্যয়নরত শিক্ষার্থীদের (মাদ্রাসা ও কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থী ব্যতীত) বৃত্তির অর্থ G2P পদ্ধতিতে EFT এর মাধ্যমে সরাসরি ব্যাংক হিসাবে (Bank Account) প্রেরণের লক্ষ্যে MIS Software এর বর্ণিত লিংকে নিম্নলিখিত নির্দেশাবলী অনুসরণপূর্বক তথ্যাদি এন্ট্রি প্রদানের জন্য অনুরোধ করা হলো।

MIS সফটওয়্যারে এন্ট্রির ক্ষেত্রে নিম্নোক্ত নির্দেশাবলী অনুসরণীয় :

- ০১। বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থী নিয়মিত ও ধারাবাহিকভাবে অধ্যয়নরত রয়েছে নিশ্চিত হয়ে তথ্য এন্ট্রি করা;
- ০২। পাঠ বিরতি রয়েছে এরূপ শিক্ষার্থীর তথ্য এন্ট্রি না দেয়া;
- ০৩। মাদ্রাসা ও কারিগরি শিক্ষাবোর্ড হতে বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের তথ্য এন্ট্রি না করা (উল্লেখ্য, উক্ত বোর্ডদ্বয় হতে বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীরা সংশ্লিষ্ট অধিদপ্তর হতে বৃত্তির অর্থ প্রাপ্য হবে);
- ০৪। বাংলাদেশের অনলাইন সুবিধাসম্পন্ন তফসীলভুক্ত ব্যাংকে শিক্ষার্থীর নিজ নামে / ১৮ বছরের নিচে শিক্ষার্থীদের পিতা/মাতার সাথে যৌথ নামে ব্যাংক হিসাব/স্কুল ব্যাংক হিসাব খুলতে হবে;
- ০৫। যৌথ নামে ব্যাংক হিসাব/স্কুল ব্যাংক হিসাব খোলা হলে MIS-এ তথ্য এন্ট্রির ক্ষেত্রে যৌথ নামই উল্লেখ করতে হবে;
- ০৬। শিক্ষার্থীর একক বা যৌথ নামের একাউন্ট নম্বর ব্যতীত পিতা/মাতা/অন্য কোন আইন সংগত অভিভাবকের ব্যাংক হিসাব প্রদান করা যাবে না;
- ০৭। শিক্ষার্থীর নাম ও অনলাইন ব্যাংক হিসাবের নাম অভিন্ন হতে হবে;
- ০৮। অনলাইন ব্যাংক হিসাব নম্বর অবশ্যই ১৩-১৭ ডিজিটের মধ্যে হতে হবে এবং সঠিক ও নির্ভুলভাবে পূরণ করতে হবে;
- ০৯। বিকাশ, শিউর ক্যাশ নগদসহ এ ধরনের কোন এজেন্ট ব্যাংকের হিসাব নম্বর প্রদান না করা;
- ১০। শিক্ষার্থীর পরীক্ষার আইডি/রেজিস্ট্রেশন নম্বর, পরীক্ষার নাম ও সন সঠিকভাবে পূরণ করতে হবে;
- ১১। বৃত্তির ক্যাটাগরি (মেধা ও সাধারণ) সঠিকভাবে পূরণ করতে হবে;
- ১২। ব্যাংক, শাখার নাম, রাউটিং নম্বর এবং শিক্ষার্থীর ব্যাংক হিসাব নম্বর সঠিকভাবে পূরণ করতে হবে;
- ১৩। তথ্য প্রেরণের ক্ষেত্রে ডুল বা অনিয়ম পরিলক্ষিত হলে প্রতিষ্ঠান প্রধান/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা দায়ী থাকবেন;
- ১৪। তথ্য এন্ট্রি দেয়ার সময়সীমা : ০৫/০১/২০২১ খ্রি. থেকে ১৮/০১/২০২১ খ্রি. পর্যন্ত।

তথ্য পূরণ এর জন্য লিংক নিম্নরূপ :

HSP & Scholarship MIS এর URL (লিংক) : hspbd.com/HSP-MIS/login

প্রশিক্ষণ ও অন্যান্য তথ্যের জন্য : <https://www.facebook.com/groups/spbmu>

স্বাক্ষরিত/-

(প্রফেসর ড. সৈয়দ মো. গোলাম ফারুক)
মহাপরিচালক

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১১৭.৩৭.০২৯.১২-৭৯১/১৬

তারিখ : ০৪-০১-২০২১ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৩. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা
০৪. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা
০৫. পরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
০৬. চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড (সকল)
(আওতাধীন সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠান প্রধানকে অবহিতকরণের অনুরোধসহ)
০৭. পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল)
০৮. অধ্যক্ষ (সরকারি/বেসরকারি)সকল)
০৯. নির্বাহী পরিচালক, SPFMSP প্রজেক্ট, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, সেগুন বাগিচা, ঢাকা
১০. উপপরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
১১. উপপরিচালক (কলেজ / মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল)
১২. সিনিয়র সিস্টেম এনালিস্ট, ইএমআইএস সেল, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা “[২০২০ সালের এস.এস.সি পরীক্ষায় বৃত্তিপ্রাপ্ত নিয়মিত অধ্যয়নরত শিক্ষার্থীদের (মাদ্রাসা ও কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থী ব্যতীত) তথ্য MIS Software -এ এন্ট্রি সংক্রান্ত]-শিরোনামে পত্রটি মাউশির ওয়েবসাইটের নোটিশ বোর্ডে এবং স্ক্রলে প্রকাশের অনুরোধসহ]
১৩. জেলা শিক্ষা কর্মকর্তা (সকল জেলা), (আওতাধীন সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠান প্রধানকে অবহিতকরণের অনুরোধসহ)
১৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল), (আওতাধীন সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠান প্রধানকে অবহিতকরণের অনুরোধসহ)
১৫. সহকারী প্রোগ্রামার, জেলা শিক্ষা অফিস, সকল জেলা
১৬. পিএ টু মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা

৪/১/২০২১

(মো: নুরুল ইসলাম চৌধুরী)

উপ-পরিচালক

এক্সেস এন্ড কোয়ালিটি এস্যুরেন্স ইউনিট

পরিকল্পনা ও উন্নয়ন উইং

ফোন: ৯৫৭৩৮৪২